

🗏 আন-নাবা | An-Naba' | ٱلنَّبَ

আয়াতঃ ৭৮:১৯

আরবি মূল আয়াত:

وَّ فُتِحَتِ السَّمَآءُ فَكَانَت اَبِوَابًا ﴿١٩﴾

আর আসমান খুলে দেয়া হবে, ফলে তা হবে বহু দ্বারবিশিষ্ট। — আল-বায়ান
আকাশ খুলে দেয়া হবে আর তাতে হবে অনেক দরজা। — তাইসিরুল
আকাশকে উন্মুক্ত করা হবে, ফলে ওটা হয়ে যাবে বহু দ্বারবিশিষ্ট। — মুজিবুর রহমান

And the heaven is opened and will become gateways — Sahih International

- ১৯. আর আকাশ উন্মুক্ত করা হবে, ফলে তা হবে বহু দ্বারবিশিষ্ট।(১)
 - (১) "আকাশ খুলে দেয়া হবে" এর মানে এটাও হতে পারে যে, উর্ধ্বজগতে কোন বাধা ও বন্ধন থাকবে না। আসমানে বিভিন্ন দরজা তৈরি হয়ে সেগুলো হতে সবদিক থেকে ফেরেশতারা নেমে আসতে থাকবে। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

- ১৯। আকাশকে উন্মুক্ত করা হবে, ফলে তা হবে বহু দ্বার বিশিষ্ট।[1]
 - [1] অর্থাৎ, ফিরিশতাগণের জন্য অবতরণের পথ হয়ে যাবে। এবং তাঁরা পৃথিবীতে অবতরণ করবেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5691

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন